# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১১৯৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩১. প্রথম অনুচ্ছেদ - রাতের সালাত

### بَابُ صَلَاةِ اللَّيْلِ

আরবী

وَعَن زيد بن خَالِد الْجُهَنِيّ أَنَّهُ قَالَ: لَأَرْمُقَنَّ صَلَاةَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّيْلَةَ فَصلَّى رَكْعَتَيْنِ خَفِيفَتَيْنِ ثُمَّ صَلَّى رَكْعَتَيْنِ طَوِيلَتَيْنِ طَوِيلَتَيْنِ طَوِيلَتَيْنِ ثُمَّ صَلَّى رَكْعَتَيْنِ وَهُمَا دُونَ اللَّتَيْنِ قَبْلَهُمَا ثُمَّ صَلَّى رَكْعَتَيْنِ وَهُمَا دُونَ اللَّتَيْنِ قَبْلَهُمَا ثُمَّ صَلَّى رَكْعَتَيْنِ وَهُمَا دُونَ اللَّتَيْنِ قَبْلَهُمَا [ثُمَّ صَلَّى رَكْعَتَيْنِ وَهُمَا دُونَ اللَّتَيْنِ قَبْلَهُمَا] ثُمَّ أَوْتَرَ فَذَلِكَ ثَلَاث عَشْرَةَ رَكْعَةً. رَوَاهُ مُسلِمٌ
قَوْله: ثمَّ صلى رَكْعَتَيْنِ وهما دون اللَّتَيْنِ قَبْلَهُمَا أَرْبَعَ مَرَّاتٍ هَكَذَا فِي صَحِيحِ مُسْلِمٍ وأفراده من كتاب الْحميدِي وموطأ مَالك وَسنَن أبي دَاوُد وجامع الْأُصُول

বাংলা

১১৯৭-[১০] যায়দ ইবনু খালিদ আল জুহানী (রাঃ)থেকে বর্ণিত। তিনি বলেন, আমি একবার ইচ্ছা করলাম, আজ রাত্রে আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সালাত (সালাত/নামায/নামাজ) দেখব। প্রথমে তিনি হালকা দু’ রাক্‌’আত সালাত আদায় করলেন। তারপর দীর্ঘ দু’ রাক্‌’আত সালাত আদায় করলেন দীর্ঘ দীর্ঘ দীর্ঘ করে। তারপর তিনি আরো দু’ রাক্‌’আত সালাত আদায় করলেন যা পূর্বের দু’ রাক্‌’আত থেকে কম লম্বা ছিল। তারপর আরো দু’ রাক্‌’আত আদায় করলেন যা পূর্বের আদায় করা দু’ রাক্‌’আত হতে কম দীর্ঘ ছিল। তারপর তিনি আরো দু’ রাক্‌’আত যা আগে আদায় করা দু’ রাক্‌’আত হতে কম লম্বা ছিল। তারপর আরো দু’ রাক্‌’আত আদায় করলেন যা আগের আদায় করা দু’ রাক্‌’আত থেকে কম দীর্ঘ ছিল। এরপর তিনি বিতর আদায় করলেন। এ মোট তের রাক্‌’আত (সালাত) তিনি আদায় করলেন। (মুসলিম)

আর যায়দ-এর কথা, অতঃপর তিনি দু’ রাক্‌’আত আদায় করলেন যা প্রথমে আদায় করা দু’ রাক্‌’আত থেকে কম লম্বা ছিল। সহীহ মুসলিমে ইমাম হুমায়দীর কিতাবে, মুয়াত্তা ইমাম মালিক, সুনানে আবূ দাঊদ এমনকি জামি’উল উসূলসহ সব স্থানে চারবার উল্লেখ করা হয়েছে।[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৭৬৫।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (ثُمَّ صَلّى رَكْعَتَيْنِ طَوِيْلَتَيْنِ طَوِيْلَتَيْنِ طَوِيْلَتَيْنِ) অতঃপর অতি দীর্ঘ দুই রাক্‘আত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করলেন। ত্বীবী বলেন, (طَوِيْلَتَيْنِ) শব্দটি তিনবার উল্লেখ করেছেন তাকীদ স্বরূপ। অর্থাৎ এ দুই রাক্‘আত অতি দীর্ঘ ছিল। আর দুই রাক্‘আত অতি দীর্ঘ করার কারণ এই যে, সালাতের শুরুতে প্রফুল্লতা বেশি থাকে এবং বিনয়ীও থাকে পরিপূর্ণ। এজন্য ফরয সালাতে প্রথম রাক্‘আত দ্বিতীয় রাক্‘আতের তুলনায় দীর্ঘ করার বিধান রয়েছে।

ثُمَّ صَلّى رَكْعَتَيْنِ وَهُمَا دُوْنَ اللَّتَيْنِ قَبْلَهُمَا অতঃপর দু’ রাক্‘আত সালাত আদায় করলেন। আর তা ছিল পূর্বের দু’ রাক্‘আতের তুলনায় হালকা। প্রথম দু’ রাক্‘আতের চেয়ে হালকা বা সংক্ষিপ্ত করার করার কারণ এই যে, প্রথম দুই রাক্‘আত পূর্ণ প্রফুল্লতা ও বিনয়ের পর ধীরে ধীরে তা হ্রাস পেতে থাকে তাই তিনি সালাত ধীরে ধীরে সংক্ষিপ্ত করেছেন।

(ثُمَّ أَوْتَرَ) অতঃপর তিনি বিতর আদায় করেছেন। অর্থাৎ এক রাক্‘আত বিতর আদায় করেছেন ফলে প্রথম সংক্ষিপ্ত দুই রাক্‘আত ও তের রাক্‘আতের মধ্যে গণ্য।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55757

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন